**বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড**
নির্বাহী প্রকৌশলীর দপ্তর
কক্সবাজার পানি উন্নয়ন বিভাগ-১
বাপাউবো, কক্সবাজার।
ফোন ঃ ০৩৪১-৬৩৫৫৭

**Bangladesh Water Development Board**
Office Of the Executive Engineer
Cox's Bazar Water Development Division-1
BWDB, Cox's Bazar
Phone: 0341-63557
Email: xencoxsbazarbwdb@gmail.com

স্মারক নং- ৪২.০১.২২০০.৫৭৮.০৭.০১৫.২৬- ৬৫৮

তারিখঃ ০১ শ্রাবণ ১৪৩৩ বঙ্গাব্দ
১৬ জুলাই ২০২৬খ্রিষ্টাব্দ

**"সীমিত দরপত্র পদ্ধতির (LTM) আওতায় কার্য ক্রয় ও পণ্য সরবরাহ নেয়ার লক্ষ্যে ঠিকাদার/সরবরাহকারী তালিকাভুক্তি ও নবায়নের বিজ্ঞপ্তি"**

এতদ্বারা সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, কক্সবাজার পানি উন্নয়ন বিভাগ-১, বাপাউবো, কক্সবাজার দপ্তরে পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা-২০২৫ এর আলোকে সীমিত দরপত্র পদ্ধতির (LTM) আওতায় অনধিক ৫.০০ (পাঁচ) কোটি টাকা পর্যন্ত অভ্যন্তরীন কার্য ক্রয় (Works) ও ৫০,০০ (পঞ্চাশ) লক্ষ টাকা পর্যন্ত পণ্য (Goods) সরবরাহের লক্ষ্যে ২০২৬-২০২৭ অর্থ বছরের জন্য ঠিকাদার/সরবরাহকারী তালিকাভুক্ত ও নবায়ন করা হবে। তত্ত্বাবধায়ক প্রকৌশলী(পুর), কন্ট্রাক্ট এন্ড প্রকিউরমেন্ট সেল, বাপাউবো, ঢাকার স্মারক নং-৪২.০১.০০০.০০৫.২২.০০৩.১৫-১৩৪; তারিখঃ ২০-০৭-২০২০খ্রিঃ মোতাবেক ঠিকাদার/সরবরাহকারী তালিকাভুক্তির নির্ধারিত আবেদন ফরম এর মূল্য পরিশোধ সাপেক্ষে সংগ্রহ করা যাবে। ঠিকাদার তালিকাভুক্তি ও নবায়নের কার্যক্রম সাপ্তাহিক ও সরকারি ছুটির দিন ছাড়া অফিস চলাকালীন সময় (সকাল ৯.০০ ঘটিকা হতে বিকাল ৪.০০ ঘটিকা) পর্যন্ত অব্যহত থাকবে। **নির্ধারিত তারিখ ও সময়ের পর তালিকাভুক্তি ফরম বিক্রয় এবং নবায়নের আবেদন গ্রহণ করা হবে না।**

**১। ঠিকাদার/সরবরাহকারী তালিকাভুক্তি আবেদন ফরম বিক্রয় ও গ্রহনের তফসিলঃ**

| ক্রমিক নং | আবেদনের ধরণ | ফরম বিক্রয় আরম্ভের তারিখ | ফরম বিক্রয়ের শেষ তারিখ | তালিকাভুক্তির আবেদন গ্রহণের সর্বশেষ তারিখ |
|---|---|---|---|---|
| ১ | ঠিকাদার/সরবরাহকারী তালিকাভুক্তি করা কার্য (Works) ও পণ্য(Goods) | ১৯ জুলাই ২০২৬খ্রি. | ৩১ আগস্ট ২০২৬খ্রি. | ১০ সেপ্টেম্বর ২০২৬খ্রি. |

**ঠিকাদার/সরবরাহকারী তালিকাভুক্তির প্রয়োজনীয় নির্দেশনাবলী:**

| ক্র.নং | নির্দেশনাবলী | বিবরণ |
|---|---|---|
| ০১. | আবেদনের যোগ্যতা | (১) বৈধ হালনাগাদ ট্রেড লাইসেন্স,<br>(২) ভ্যাট ও ট্যাক্স ক্লিয়ারেন্স সার্টিফিকেট;<br>(৩) হালনাগাদ ব্যাংক সলভেন্সি সার্টিফিকেট/বিবরণী (কার্য-২৫.০০ লক্ষ টাকা, পণ্য-৩.০০ লক্ষ টাকা)<br>(৪) জাতীয় পরিচয়পত্র;<br>(৫) পাসপোর্ট সাইজের ৩(তিন) কপি ছবি (ল্যাব প্রিন্ট);<br>(৬) প্রতিষ্ঠানের যন্ত্রপাতি ও জনবলের তালিকা;<br>(৭) বাপাউবো'র নির্ধারিত ছকে ৩০০/- টাকার নন-জুডিসিয়াল স্টাম্পের ঠিকাদারী প্রতিষ্ঠানের মালিকের অঙ্গীকারনামা। |
| ০২. | আবেদন ফি | ৫০০.০০ (পাঁচশত) টাকা অফেরতযোগ্য পে-অর্ডার/ব্যাংক ড্রাফট হিসাব রক্ষণ কর্মকর্তা, আঞ্চলিক হিসাব কেন্দ্র, বাপাউবো, কক্সবাজার এর অনুকূলে অত্র দপ্তরে দাখিলের মাধ্যমে আবেদনপত্র সংগ্রহ করতে হবে। |
| ০৩. | তালিকাভূক্তির নিবন্ধন ফি | নিবন্ধন ফি ৫০০০ (পাঁচ হাজার) টাকা ও সরকার নির্ধারিত ফি এর অতিরিক্ত ১৫% মূল্য সংযোজন কর (ভ্যাট) বাবদ ৭৫০ (সাতশত পঞ্চাশ) টাকা এবং একক মালিকানাধীন প্রতিষ্ঠানের স্বত্বাধিকারী নারী হলে নতুন তালিকাভুক্তির জন্য ৩০০০ (তিন হাজার) টাকা ও সরকার নির্ধারিত ফি এর অতিরিক্ত ১৫% মূল্য সংযোজন কর (ভ্যাট) বাবদ ৪৫০ (চরশত পঞ্চাশ) টাকার পৃথক ২টি অফেরতযোগ্য পে-অর্ডার/ব্যাংক ড্রাফট হিসাব রক্ষণ কর্মকর্তা, আঞ্চলিক হিসাব কেন্দ্র, বাপাউবো, কক্সবাজার এর অনুকূলে অত্র দপ্তরে দাখিলের মাধ্যমে পরিশোধ করতে হবে। |

**২। তালিকাভুক্ত ঠিকাদার/সরবরাহকারীদের নবায়নের তফসিলঃ**

| ক্রমিক নং | নিবন্ধন বহি জমাদান আরম্ভের তারিখ | নিবন্ধন বহি জমাদান সমাপ্তির তারিখ | নবায়ন বহি পুনঃ ইস্যু করে ফেরত প্রদান আরম্ভের তারিখ | নবায়ন বহি পুনঃ ইস্যু করে ফেরত প্রদান সমাপ্তির তারিখ |
|---|---|---|---|---|
| ১ | ১৯ জুলাই ২০২৬খ্রি. | ৩১ আগষ্ট ২০২৬খ্রি. | ১০ সেপ্টেম্বর ২০২৬খ্রি. | ২০ সেপ্টেম্বর ২০২৬খ্রি. |

চলমান পাতা-১

**বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড**
নির্বাহী প্রকৌশলীর দপ্তর
কক্সবাজার পানি উন্নয়ন বিভাগ-১
বাপাউবো, কক্সবাজার।
ফোন ঃ ০৩৪১-৬৩৫৫৭

**Bangladesh Water Development Board**
Office Of the Executive Engineer
Cox's Bazar Water Development Division-1
BWDB, Cox's Bazar
Phone: 0341-63557
Email: xencoxsbazarbwdb@gmail.com



**ঠিকাদার/সরবরাহকারী তালিকাভুক্তির নবায়নের প্রয়োজনীয় নির্দেশনাবলী:**

| ক্র.নং | নির্দেশনাবলী | বিবরণ |
|---|---|---|
| ০১. | আবেদনের যোগ্যতা | (১) বৈধ হালনাগাদ ট্রেড লাইসেন্স,<br>(২) ভ্যাট ও ট্যাক্স ক্লিয়ারেন্স সার্টিফিকেট,<br>(৩) ২৫ লক্ষ টাকা স্থিতি সম্বলিত হালনাগাদ ব্যাংক সলভেন্সি/বিবরণী,<br>(৪) প্রতিষ্ঠানের যন্ত্রপাতি ও জনবলের তালিকা, |
| ০২. | আবেদন ফি | ৫০০.০০ (পাঁচশত) টাকা অফেরতযোগ্য পে-অর্ডার/ব্যাংক ড্রাফট হিসাব রক্ষণ কর্মকর্তা, আঞ্চলিক হিসাব কেন্দ্র, বাপাউবো, কক্সবাজার এর অনুকূলে অত্র দপ্তরে দাখিলের মাধ্যমে আবেদনপত্র সংগ্রহ করতে হবে। |
| ০৩. | নবায়ন ফি | নবায়ন ফি ২০০০ (দুই হাজার) টাকা ও সরকার নির্ধারিত ফি এর অতিরিক্ত ১৫% মূল্য সংযোজন কর (ভ্যাট) বাবদ ৩০০ (তিনশত) টাকা এবং একক মালিকানাধীন প্রতিষ্ঠানের স্বত্বাধিকারী নারী হলে নবায়নের জন্য ১৫০০ (এক হাজার পাঁচশত) টাকা ও সরকার নির্ধারিত ফি এর অতিরিক্ত ১৫% মূল্য সংযোজন কর (ভ্যাট) বাবদ ২২৫ (দুইশত পঁচিশ) টাকার পৃথক ২টি অফেরতযোগ্য পে-অর্ডার/ব্যাংক ড্রাফট হিসাব রক্ষণ কর্মকর্তা, আঞ্চলিক হিসাব কেন্দ্র, বাপাউবো, কক্সবাজার এর অনুকূলে অত্র দপ্তরে দাখিলের মাধ্যমে পরিশোধ করতে হবে। |

৩। তালিকাভুক্তির আবেদনের উল্লেখিত শর্তাবলী পূরণ সাপেক্ষে ঠিকাদার তালিকাভুক্তি কমিটির সুপারিশ এবং প্রধান প্রকৌশলী, দক্ষিণ-পূর্বাঞ্চল, বাপাউবো, চট্টগ্রাম মহোদয়ের অনুমোদন সাপেক্ষে তালিকাভুক্তি নবায়ন/নতুন তালিকাভুক্তির চূড়ান্তভাবে গৃহিত হবে।

উল্লেখ্য যে, ক্রয়কারী কর্তৃপক্ষ আবেদনকারীর আবেদনপত্র যাচাই বাছাই সাপেক্ষে কোন কারণ দর্শানো ব্যতিরেকে ঠিকাদার/সরবরাহকারী তালিকাভুক্তির আবেদনপত্র গ্রহণ বা বাতিল করার ক্ষমতাবান এবং ঠিকাদার/সরবরাহকারী প্রতিষ্ঠানের সীমিত দরপত্র পদ্ধতিতে (LTM) দরপত্রে অংশগ্রহণের জন্য e-GP Registration থাকা আবশ্যক।

২৬/০৭/২০২৫

(মো: নূরুল ইসলাম)
পরিচিতি নং- ৮৪০৫২০০০১
নির্বাহী প্রকৌশলী

স্মারক নং- ৪২.০১.২২০০.৫৭৮.০৭.০১৫.২৬-৭৫৬

তারিখঃ ০১ শ্রাবণ ১৪৩৩ বঙ্গাব্দ
১৬ জুলাই ২০২৬খ্রিষ্টাব্দ

অনুলিপি সদয় অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের প্রেরণ করা হলোঃ

১। প্রধান প্রকৌশলী, দক্ষিণ-পূর্বাঞ্চল, বাপাউবো, চট্টগ্রাম।
২। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, কক্সবাজার পানি উন্নয়ন সার্কেল, বাপাউবো, কক্সবাজার।
৩। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, কন্ট্রাক্ট এন্ড প্রকিউরমেন্ট সেল, বাপাউবো, পানি ভবন, লেভেল-৬ (৭ম তলা), ৭২ গ্রীন রোড, ঢাকা-১২১৫।
৪। পরিচালক, জনসংযোগ পরিদপ্তর, বাপাউবো, পানি ভবন, লেভেল-৯ (১০ম তলা), ৭২ গ্রীন রোড, ঢাকা-১২১৫। বিজ্ঞপ্তিটি বহুল প্রচারিত জাতীয় ও আঞ্চলিক পত্রিকায় প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।
৫। সিস্টেম এনালিস্ট, কেন্দ্রীয় আইসিটি পরিদপ্তর, বাপাউবো, পানি ভবন, লেভেল-৬ (৭ম তলা), ৭২ গ্রীন রোড, ঢাকা-১২১৫। নোটিশটি বাপাউবো'র ওয়েবসাইটে প্রকাশ করার জন্য অনুরোধ করা হলো।
৬। হিসাব রক্ষণ কর্মকর্তা, আঞ্চলিক হিসাব কেন্দ্র, বাপাউবো, কক্সবাজার।
৭। প্রাক্কলনিক, অত্র দপ্তর।
৮। উচ্চমান সহকারী, অত্র দপ্তর। তাহাকে ঠিকাদার তালিকাভুক্তি করণের ফরম আগ্রহী ব্যক্তি/প্রতিষ্ঠানের নিকট যথানিয়মে বিতরণ এবং আবেদনপত্রসমূহ গ্রহণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের বলা হলো।
৯। নোটিশ বোর্ড/অফিস কপি।

২৬/০৭/২০২৫

নির্বাহী প্রকৌশলী
কক্সবাজার পানি উন্নয়ন বিভাগ-১
বাপাউবো, কক্সবাজার।